# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 15.04.24 Time: 07.35A.M.**

বিশেষ বিশেষ খবর –

১/ প্রথম দফা ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে উত্তরবঙ্গে নির্বাচনী প্রচার জমে উঠেছে। # বিজেপি নেতা কেন্দ্রীয় তথ্য-সম্প্রচার মন্ত্রী অনুরাগ সিং ঠাকুরের উত্তরবঙ্গে আজ একাধিক জনসভার কর্মসূচী রয়েছে। # তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ কোচবিহারের রাসমেলা ময়দানে এক প্রচার সভা করবেন। # বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী প্রচারে অংশ নেবেন দিনহাটায় দলীয় প্রার্থীর সমর্থনে।

২/ বিজেপির শীর্ষ নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নির্বাচনী প্রচারে ফের রাজ্যে আসছেন।

৩/ রাজ্য সরকারের পয়লা বৈশাখের দিনটিকে 'পশ্চিমবঙ্গ দিবস' হিসেবে পালন করার সমালোচনা করেছে বিজেপি।

৪/ মোহনবাগান সুপার জায়ান্ট ISL ফুটবলে লিগশিল্ড জয়ের লক্ষ্য নিয়ে আজ মুম্বই সিটি এফসি-র মুখোমুখি হবে।

******************************************************************

অষ্টাদশ লোকসভা নির্বাচনের প্রথম দফা ভোটের আর মাত্র চারদিন বাকি। প্রতিটি রাজনৈতিক দলের শীর্ষ নেতৃবৃন্দ জনসভা ও রোড শো-এর মাধ্যমে ভোটারদের মন জয়ে ব্যস্ত। বিজেপি নেতা কেন্দ্রীয় তথ্য-সম্প্রচার ও যুব বিষয়ক মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর আজ রাজ্যে আসছেন। উত্তরবঙ্গে আজ তাঁর একাধিক জনসভা করার কথা। কালিম্পং-এর গরুবাথানের প্রচার সেরে তিনি শিলিগুড়ির মিলন মোড়ে আরেকটি সভায় যোগ দেবেন। এর আগে সকালে বাগডোগরা পৌছে শিলিগুড়িতে তিনি বণিক সম্প্রদায় ও বিভিন্ন ক্রীড়া সংগঠনগুলির শীর্ষ ব্যক্তিত্বদের সঙ্গে আলাপচারিতায় অংশ নেবেন।

কোচবিহার রাসমেলা ময়দানে কোচবিহার লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী জগদীশ বর্মা বাসুনিয়ার সমর্থনে আজ নির্বাচনী সভা করবেন তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

অন্যদিকে দিনহাটার সংহতি ময়দানে বিজেপি প্রার্থী নিশীথ প্রামাণিকের সমর্থনে সভা করবেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

গতকাল জলপাইগুড়ি লোকসভা কেন্দ্রের ময়নাগুড়ি বিধানসভা ক্ষেত্রে প্রার্থী ডাক্তার জয়ন্ত কুমার রায় এবং অভিনেতা বিজেপি নেতা মিঠুন চক্রবর্তী ময়নাগুড়ি শহর পরিক্রমা করেন। রোড শোতে অংশ নেন জলপাইগুড়ির জেলা সভাপতি বাপী গোস্বামী সহ অন্যান্য নেতৃবৃন্দ।

বর্ধমান-দুর্গাপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষ সকালে বর্ধমানের আলমগঞ্জে বর্ধমানেশ্বর শিবমন্দির এবং সর্বমঙ্গলা মন্দিরে পুজো দিয়ে দিনভর একাধিক প্রচার কর্মসূচীতে অংশ নেন।

ওই কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী কীর্তি আজাদ, দুর্গাপুরের নডিহায় পিছিয়ে পড়া কুষ্ঠ কলোনীতে গিয়ে বাসিন্দাদের সমস্যার কথা শোনেন।

কংগ্রেস সমর্থিত CPIM প্রার্থী সুকৃতি ঘোষাল'ও গতকাল বর্ধমানের উত্তর ফটক থেকে কার্জন গেট পর্যন্ত পদযাত্রা করেন।

DYFI-এর রাজ্য সম্পাদক মীনাক্ষী মুখোপাধ্যায় গতকাল এক সাংবাদিক সম্মেলনে, মহিলা আত্মমর্যাদা কেন্দ্র গড়ে তোলার কথা বলেন।

কলকাতা উত্তরের তৃণমূল প্রার্থী সুদীপ বন্দ্যোপাধ্যায় এবং বিজেপ প্রার্থী তাপস রায় গতকাল বর্ণাঢ্য রোড শো করেন।

প্রবীণ বিজেপি নেতা, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং গতকাল আলিপুরদুয়ারের দলীয় প্রার্থী মনোজ টিগ্গার সমর্থনে জনসভা করেন। আবাস যোজনা সহ বিভিন্ন ক্ষেত্রে তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে দুর্নীতি ও হিংসার রাজনীতির অভিযোগে সরব হন তিনি। (বাইট – রাজনাথ ৭-৫০)

গতকাল পয়লা বৈশাখে তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী চালসায় এক বর্ণাঢ্য রোড শো করেন। ধামসা মাদল বাজাতে দেখা যায় তাঁকে। মেটেলি ব্লকের চালসায় টিয়াবন থেকে গৌলাই পর্যন্ত যায় এই অভিনন্দন শোভাযাত্রা।

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বসিরহাটের বিজেপি প্রার্থী রেখা পাত্রের সমর্থনে সন্দেশখালিতে পদযাত্রা করেন। পরে এক সভায় তিনি বলেন, শাসক দলের প্রশ্রয়ে যেসব দুষ্কৃতি, সাধারণ মানুষের ওপর অত্যাচার করেছে, বিজেপি কর্মীদের খুন করেছে, তারা শাস্তি পাবেই। ভোট লুটের চেষ্টার বিরুদ্ধেও সতর্ক করে দেন তিনি।

হুগলী লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী লকেট চ্যাটার্জী গতকাল গঙ্গাবক্ষে নৌকোয় প্রচার চালান। চুচূড়া, বাঁশবেড়িয়া হয়ে ত্রিবেণী পর্যন্ত যান তিনি।

রানাঘাটের বিজেপি প্রার্থী জগন্নাথ সরকার শান্তিপুরে গঙ্গার ঘাটে স্নান সেরে স্থানীয় মানুষজনের সঙ্গে শুভেচ্ছা বিনিময় ও জনসংযোগ করেন।

বীরনগরে জনসংযোগে ব্যস্ত ছিলেন তৃণমূল কংগ্রেস প্রার্থী মুকুটমনি অধিকারি।

*********************

শীর্ষ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, নির্বাচনী প্রচারে আবারো রাজ্যে আসছেন। আগামীকাল (১৬'ই এপ্রিল) তিনি উত্তরবঙ্গের রায়গঞ্জে আসবেন বলে দলীয় সূত্রে জানা গেছে। দুপুর ১ টা নাগাদ রায়গঞ্জের গোয়ালপাড়া মাঠে তাঁর জনসভা করার কথা।

ওই সভার আগে নিরাপত্তা ব্যাবস্থা খতিয়ে দেখতে প্রধানমন্ত্রী কার্যালয়ে থেকে SPG আধিকারিকরা রায়গঞ্জের সভা স্থল, রুট এবং হেলিপ্যাড পরিদর্শন করে যান। হেলিপ্যাড হিসেবে তিনটি জায়গাকে চিহ্নিত করেছেন তারা।
উপস্থিত ছিলেন জেলা প্রশাসনের কর্তারাও। আয়োজক বিজেপি কার্যকর্তাদের সঙ্গে বৈঠক করেন নিরাপত্তা আধিকারিকরা।

*********************

কলকাতার বেহালা ফ্লাইং ক্লাবে তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জির হেলিকপ্টারে আয়কর আধিকারিকরা শনিবার আচমকাই তল্লাশি চালায়। গতকাল এই কপ্টারেই অভিষেকের হলদিয়া যাওয়ার কথা ছিল। প্রতিটি কোনায় চলে তল্লাশি। তবে কিছুই মেলেনি বলে অভিষেকের দাবি। এক্স হ্যান্ডেলে তিনি বলেছেন, NIA-এর ডিজি এবং এসপিকে সরানোর বদলে নির্বাচন

কমিশন ও বিজেপি, তাঁর চপার এবং নিরাপত্তাকর্মীদের তল্লাশির জন্য আয়কর দপ্তরের বশম্বদদের পাঠিয়েছে। কিন্তু কিছুই পাওয়া যায়নি। বাংলার প্রতিরোধের শক্তিকে এভাবে খর্ব করা যাবে না। দলের নেতা কুণাল ঘোষ, এই তল্লাশির তীব্র নিন্দা করেছেন। ঘটনার প্রতিবাদে তৃণমূল কংগ্রেস নির্বাচন কমিশনের দ্বারস্থ হচ্ছে বলে এক প্রেস বিবৃতিতে জানানো হয়েছে।

ভোটের মুখে জলপাইগুড়িতে এক বিজেপি নেতার গাড়িতে তল্লাশি চালিয়ে নগদ ৭ লক্ষ ৭৫ হাজার টাকা উদ্ধার হয়েছে বলে তৃণমূল কংগ্রেস দাবি করেছে। সোশ্যাল মিডিয়া পোস্টে জানানো হয়েছে, গতকাল রাত সাড়ে আটটা নাগাদ ক্রান্তি মসজিদের কাছে নাকা চেকিং-এর সময় ওই টাকা উদ্ধার হয় এবং গাড়িটি মাল বিধানসভা কেন্দ্রের বিজেপি আহ্বায়ক রাকেশ নন্দীর। টাকার কোন কাগজপত্র দেখাতে পারেননি তিনি। সূত্রের খবর, জিজ্ঞাসাবাদের সময় রাকেশ, দলীয় কর্মসূচীতে খরচ করার জন্য বিজেপি মহিলা মোর্চার এক নেত্রীর কাছ থেকে ওই টাকা নিয়েছিলেন বলে জানান। সেই নেত্রীর গাড়ি থেকেও উদ্ধার হয়েছে ১ লক্ষ ৩০ হাজার টাকা। এব্যাপারে বিজেপি-র জেলা নেতৃত্ব কোন মন্তব্য করতে চাননি। ভোট বৈতরণী পেরোতে বিজেপি টাকার খেলা শুরু করেছে বলে অভিযোগ করেছে তৃণমূল কংগ্রেস।

*********************

ভোটকর্মী ও ভোটারদের নিরাপত্তার জন্য ১০০ শতাংশ বুথে কেন্দ্রীয় বাহিনী ও প্রেস নোট জারি, ভোট কর্মী, গণনা কর্মী এবং বিএলওদের পারিশ্রমিক ও -ভাতা বৃদ্ধি সহ বিভিন্ন দাবিতে গতকাল শিক্ষানুরাগী ঐক্য মঞ্চ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে বিক্ষোভ দেখায়। ডেপুটেশন গ্রহণ করেন অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস। এবার প্রতিটি বুথেই কেন্দ্রীয় বাহিনী থাকবে বলে দিব্যেন্দুবাবু তাঁদের আশ্বাস দিয়েছেন।

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী জানিয়েছেন, দিব্যেন্দুবাবুর আশ্বাসের পরিপ্রেক্ষিতে মঞ্চের দাবি, ২০১৯ সালের মতো ভোট কর্মীদের উদ্দেশে 'প্রেস নোট' জারি করতে হবে। পাশাপাশি প্রতিটি বুথে ওয়েবকাস্টিং হবে যা এআই দ্বারা পরিচালিত হবে বলে অতিরিক্ত মুখ্য নির্বাচনী

আধিকারিক তাঁদের জানিয়েছেন। ভোটকর্মীদের তথ্য ফাঁসের ক্ষেত্রে যথোপযুক্ত ব্যবস্থা নেওয়ার আশ্বাসও দিয়েছেন দিব্যেন্দু বাবু।

*********************

রাজ্যে গতকাল প্রথমবার পয়লা বৈশাখের দিন পালিত হল পশ্চিমবঙ্গ দিবস। নির্বাচনী আচরণ বিধি জারি থাকায় রাজ্যে সরকারের ওই অনুষ্ঠানে শুধু সরকারি আধিকারিকরাই হাজির ছিলেন। সূচনায় গাওয়া হয় রাজ্য সঙ্গীত- 'বাংলার মাটি বাংলার জল'। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যসচিব ভগবতীপ্রসাদ গোপালিকা। তিনি বলেন, প্রত্যেক রাজ্যের নিজস্ব রাজ্য দিবস আছে। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী গতকাল বাংলায় এই দিন পালিত হচ্ছে। এই উপলক্ষ্যে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অন্যদিকে বিজেপি, পয়লা বৈশাখ বাংলা দিবস পালনের সমালোচনা করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, এই জন্মদিন পালনের সঙ্গে ইতিহাসের কোনো সম্পর্ক নেই। একটি রাজ্য কবে গড়ে উঠেছে তার উপর ভিত্তি করে সেই রাজ্যের জন্মদিন পালন করা হয়। পয়লা বৈশাখের দিনে পশ্চিমবঙ্গ গড়ে ওঠেনি, তাই তার কোন ঐতিহাসিক প্রেক্ষাপট'ও নেই।

*********************

দাড়িভিটে ছাত্র মৃত্যুর ঘটনায় NIA তদন্ত নিয়ে রাজ্যের মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব এবং ADG CID-কে ফের আদালতে হাজিরার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। আজ ( সোমবার) সকাল সাড়ে ১০টায় তাঁদের আদালতে উপস্থিত হতে হবে।

উল্লেখ্য, এর আগে গত ১২ই এপ্রিল বিচারপতি রাজাশেখর মান্থা তাঁদের হাইকোর্টে হাজির হওয়ার নির্দেশ দেন। কিন্তু তাঁরা উপস্থিত না হওয়ায় বিচারপতি ক্ষোভ ব্যক্ত করেন। এবার'ও না এলে তাঁদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হতে পারে বলে তিনি হুঁশিয়ারি দিয়েছেন। ছাত্র মৃত্যুর ঘটনায় NIA তদন্তের নির্দেশ এখনো কার্যকর না করায়, রাজ্যের মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব ও ADG CID-র বিরুদ্ধে আদালত অবমাননার রুল জারি করেছিল হাইকোর্ট। আজ সকাল সাড়ে ১০টায় ওই তিন শীর্ষ কর্তাকে আবার হাজিরার নির্দেশ দিয়েছেন বিচারপতি মান্থা।

( দাড়িভিটে ছাত্র মৃত্যুর ঘটনায় ২০২৩-এর মে মাসে NIA তদন্তের নির্দেশ দিয়েছিলেন বিচারপতি রাজারশেখর মান্থা। ওই নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে রাজ্য সরকার হাইকোর্টের প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয়েছিল। ডিভিশন বেঞ্চ অবশ্য সিঙ্গল বেঞ্চের নির্দেশের ওপর কোনও হস্তক্ষেপ না করে অবিলম্বে NIA -র হাতে সমস্ত নথি তুলে দিতে রাজ্যকে নির্দেশ দেয়।

২০১৮-র সেপ্টেম্বরে শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে অগ্নিগর্ভ হয়ে ওঠে উত্তর দিনাজপুরের ইসলামপুরের দাড়িভিট হাইস্কুল। গুলিবিদ্ধ হয়ে মৃত্যু হয় রাজেশ সরকার এবং তাপস বর্মন নামে দুই প্রাক্তন ছাত্রের। পুলিশের বিরুদ্ধে গুলি চালানোর অভিযোগ করেন স্থানীয়রা। যদিও পুলিশ ওই অভিযোগ অস্বীকার করে।)

*********************

কলকাতার চিনার পার্কে গতকাল সন্ধ্যা সাড়ে সাতটা নাগাদ দুটি রেষ্টুরেন্ট ও একটা ফাষ্ট ফুড সেন্টারে আগুন লেগে যায়। দমকলের চারটে গাড়ি প্রায় দেড় ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রনে আসে। হতাহতের খবর নেই।

*********************

বাংলা নরবর্ষের শুরুর দিনটি থেকেই রাজ্যবাসী গরমে নাজেহাল। গতকাল রাজ্যের কয়েকটি জায়গায় সর্ব্বোচ্চ তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াস পেরিয়ে যায়।

আগামী কয়েকদিন বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম, পশ্চিম বর্ধমান ও পশ্চিম মেদিনীপুরে তাপমাত্রার পারদ পাঁচ ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। এর ফলে জেলায়, বিশেষ করে পশ্চিমের জেলাগুলিতে তাপপ্রবাহের পরিস্থিতি'ও তৈরি হতে পারে।

কলকাতায় আজ সকালে দিনের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৭ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস। স্বাভাবিকের চেয়ে যা দুই ডিগ্রি বেশী। সর্ব্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩৮ ডিগ্রির আশেপাশে।

*************************************************************